

২৫শে মার্চ জাতীয় গণহত্যা দিবস উপলক্ষে প্রদীপ প্রজ্জ্বলন



আজ (২৫ মার্চ-২০২১, বৃহস্পতিবার, সন্ধ্যা ৭.১৫ টায়) জাতীয় গণহত্যা দিবস উপলক্ষে শহীদদের স্মরণে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ৭১ -এর গণহত্যা ও মুক্তিযুদ্ধের প্রস্তুতি ভাস্কর্যের সামনে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে ভয়াল কালরাত স্মরণ করা হয়। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস এক মিনিটের জন্য অন্ধকারাচ্ছন্ন করা হয়। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ-এর নেতৃত্বে মোমবাতি প্রজ্জ্বলন করা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগমসহ অন্যান্য সদস্যবৃন্দ, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, প্রক্টর ড. মোস্তফা কামাল, সহকারী প্রক্টরবৃন্দ, শিক্ষার্থী, কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।